

শিক্ষণিক ইত্তেফাক

JUN. 27 2002

1. 6

আন্তঃবোর্ড বদলির বিষয় সরকারের বিবেচনাধীন

শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ৯ শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক সংসদকে জানিয়েছেন, বিভিন্ন শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের আন্তঃবোর্ড বদলির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছে। বিধি ও আইনগত বিষয় পরীক্ষা-নিরীক্ষা করে আইনগত পদক্ষেপ নেওয়া হবে। সকল পরীক্ষা নকলমুক্ত ও দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে সংসদ সদস্য আমজাদ হোসেন সরকারের ৭১ বিধিতে আনা জরুরী জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণী নোটিসের জবাবে শিক্ষামন্ত্রী সংসদকে এ তথ্য জানান।